# English Literature

**(Online Class)**

## Class Lecture-2

## (William Shakespeare)

প্রয়োজনীয় তথ্যগুলো খাতায় নোট করে রাখবে। বিস্তারিত গল্প ক্লাসে বলা হবে।

**By:**

**Sharif Hossain Ahmad Chowdhury**

*BA (Hons), MA in English, BEd (Professional)*


*MM (Al Hadith), MBA in Mgt Studies (DU)*

**Author: A Handbook on English Literature & Viva**

**Academic Adviser & Senior Teacher, BCS Oditi**

Presently working under the Ministry of Education

**Follow:** ***sharif_bmc@yahoo.com***; **01728-395949** (***sms***)







**Baby baptism picture**

# William Shakespeare



- ✓ Birth: 23 April **1564** (মতান্তরে 26 April)
- ✓ Death: 23 April **1616** (৫২ বছর বয়সে)
- ✓ Birth place: **Stratford-upon-Avon**
  - ➢ এই শহরটি Warwickshire এ অবস্থিত; *এ্যভন* একটি নদীর নাম।

Titles:

- ➢ **National poet of England**
- ➢ The greatest dramatist
- ➢ The greatest superstar of the world
- ➢ **King without crown** (মকুটবিহীন সম্রাট)
- ➢ **The Bard of Avon** (এ্যভনের bard/ কবি)

(যেমন, মাইকেল মধুসূদন দত্তকে **কপোতাক্ষের কবি** বলা হয়)

**মনে রাখুন:** মার্লো, শেক্সপিয়র এবং বিজ্ঞানী গ্যালিলিও এই তিনজন একই সালে (১৫৬৪) জন্মগ্রহণ করেছেন।

- ✓ William Shakespeare কে **Poet of Human Nature** হিসাবে আখ্যায়িত করেছেন Dr. Samuel Johnson। **See at page 79*
- ✓ Shakespeare এর Nickname হলো: **The Swan of Avon**
- ✓ **Father:** John Shakespeare (তিনি একজন শিল্পী হিসেবে পরিচিত)
- ✓ **Mother:** Mary Arden Shakespeare (W. Shakespeare তাদের চতুর্থ সন্তান)
- ✓ **Wife:** Anne Hathaway (8 years senior to Shakespeare- 18:26); বিয়ে করেন ১৫৮২ সালে। অ্যানির গর্ভে শেক্সপিয়রের তিনটি সন্তান হয়েছিল। এরা হলেন কন্যা সুসান এবং হ্যামনেট ও জুডিথ নামের দুই জমজ। বিয়ের ৬ মাস পরেই সুসানের জন্ম হয়েছিল।
- ✓ পেশাগত জীবনে তিনি একজন Actor (অভিনেতা) ছিলেন; নাটক করতেন Globe Theatre এ। Shakespeare কে Trinity Church এ সমাহিত করা হয়।
- ✓ Francis Meres নামক এক আইনজীবী ১৫৯৮ সালে শেক্সপিয়রকে *Britain's greatest dramatist* হিসেবে ঘোষণা করেন ।

## Shakespeare was famous for:

(i) **37 plays** (মতান্তরে ৩৮ টি; ২৫ টি রানীর জীবদ্দশায়, বাকিগুলো Jacobean period এ রচিত)

(ii) **154 sonnets**

(iii) **3 long narrative poems** (বর্ণনামূলক/আখ্যান কবিতা)

- ✓ তিনি Jacobean Period এ অনেক গুরুত্বপূর্ণ নাটক লিখলেও তাঁকে Elizabethan period এর নাট্যকারই বলা হয়। তার জীবদ্দশায় ১৮ টি নাটক প্রকাশিত হয়।
- ✓ ***Henry (VI)*** শেক্সপিয়রের প্রথম নাটক। (তবে এ নাটকে ক্রিস্টোফার মার্লোর বিপুল প্রভাব থাকায় নাটকটি মৌলিকত্ব হারায়)

## Shakespeare wrote four types of play:

(i) Tragedy (12 টি)
(ii) Comedy (15 টি)
(iii) Tragi-comedy
(Tragi-comedy এর প্রবর্তক ছিলেন Shakespeare নিজেই)
(iv) Historical play



*এই **Globe Theatre** এ Shakespeare এর অধিকাংশ নাটক মঞ্চস্থ হয়েছে*

✓ His each play consists of **five acts.**
*(**Act**: a major divition of the action of a play)*

✓ Shakespeare composed much of his plays in **iambic pentameter.**
*(Pentameter মানে a line of five feet or 10 syllables)*

✓ **Soliloquy** means- স্বগতোক্তি; a speech by an actor on a lonely stage. Soliloquy-তে অভিনেতার মনের কথা শ্রোতা শুনতে পায়। *(See at page 218)*

✓ **Aside** means- একান্তে; a brief comment by a character addressing the audience, unheard by other characters.

## Shakespeare এর সনেট:

✓ He is the innovator (প্রবর্তক) of Shakespearean sonnet.

✓ তিনি তার অনেক সনেট বন্ধু Earl of Southampton কে উৎসর্গ করেন। তবে তার ২৬টি সনেট তথাকথিত কোন ডার্ক লেডির উদ্দেশ্যে রচিত।

✓ **Sonnet Style:** Three **quatrains** and a couplet (4 + 4 + 4 + 2)
**See at page 219/245*

✓ The rhyme scheme (**অন্তমিল**) of his sonnet: **abab, cdcd, efef, gg**

## Shakespeare এর কিছু বিখ্যাত কবিতা:


(i) Shall I Compare Thee to a Summer's day?
(ii) The Rape of Lucrece (এটি narrative poem)
(iii) A Lovers Complaint (এটিও narrative poem)
(iv) The Passionate Pilgrim
(v) The **Phoenix** and the Turtle
*(ফিনিক্স একটি mythological bird)*
(vi) Venus and **Adonis** (এটিও narrative poem)
(তবে ***Adonais*** নামে একটি বিখ্যাত elegy লিখেছেন Romantic কবি P B Shelley)

**মনে রাখুন:**

**Quatrain-** A stanza of four lines.

**Quintain-**A stanza of five lines.


ক্লাসে এই কবিতাটি বিশ্লেষণ করা হবে:







✓











**বিশেষভাবে মনে রাখুন:**

- ✓ **Prologue** (প্রৌলগ): কোনো নাটক, সিনেমার সূচনাকারী অংশ। *(introductory section)*
- ✓ **Epilogue** (এপিলগ): কোনো নাটক, সিনেমা, গল্পের শেষে সমাপনী বক্তব্য। এটি prologue এর বিপরীত।
- ✓ **Monologue** (মনোলগ): কোনো নাটক বা সিনেমায় দর্শকদের উদ্দেশ্যে অভিনেতার একক দীর্ঘ সংলাপ। *(a long speech by one actor in a play or theatrical programme.)*
- ✓ **Dramatic Monologue** (ড্রামাটিক মনোলগ): যে কবিতায় *(poem)* একজন বক্তা নিরব শ্রোতার কাছে তার অনুভূতি প্রকাশ করে।
- ✓ **Epitaph** (এপিটাফ): কোন কবরের উপরে লেখা উৎকীর্ণ লিপি বা সমাধিলিপি।
- ✓ **Epic** (এপিক/মহাকাব্য): a long narrative poem consisting of heroic brave deeds of great men and women or the history of a nation's hero.
- ✓ **Act:** নাটকের বিভিন্ন ভাগ বা অধ্যায়। **Canto:** দীর্ঘ কবিতা বা মহাকাব্যের অধ্যায় বা ভাগ।
- ✓ **Stanza:** কবিতার বিভাগ বা একক।

## Shakespeare এর বিখ্যাত Tragi-comedy/Problem play:

**(a) The Merchant of Venice:** (ভেনিসের বণিক, ১৫৯৬-৯৭)

- এই নাটকের বিখ্যাত কিছু চরিত্র:
  - **(i) Antonio**
  - **(ii) Shylock** (সুদখোর ইহুদি / Jew userer)
  - **(iii) Portia** (নায়িকা)- তার law trick এর কারণে Antonio বেঁচে যান সুদখোর ইহুদি Shylock এর হাত থেকে।
  - **(iv)** Bassanio **(v)** Jessica

Merchant of Venice এর কিছু বিখ্যাত উক্তি:

(i) It is a wise father that knows his own child.
(তিনিই বিজ্ঞ বাবা যিনি তার সন্তান সম্পর্কে অবগত)

**(ii) All that glitters is not gold.** (চকচক করলেই সোনা হয় না)

(iii) **Love is blind and lovers cannot see.** (Jessica'র উক্তি- প্রেম অন্ধ)

(iv) In sooth, I know not why I am so sad.

**(b) All's Well that Ends Well:** (শেষ ভালো যার, সব ভালো তার)

**(c) Measure for Measure:** (যেমন কুকুর তেমন মুগুর, ১৬০৪-০৫)

- এটিকে Dark/Black comedy/ problem play-ও বলা হয়ে থাকে।

> "Measure for Measure" is neither a pure tragedy nor a fair comedy. It is a **tragi-comedy** because it "ends with forced marriages, not necessarily true love." **Source**: *nosweatshakespeare.com*

- এই নাটকের বিখ্যাত কিছু উক্তি:

(a) Some rise by sin and some by virtue fall.
(পাপে কারো উত্থান হয় এবং পূণ্যে কারো পতন হয়)

(b) The miserable have no other medicine but only hope.
(হতভাগাদের আশা ছাড়া আর কোন নিরাময়যোগ্য প্রতিষেধক নেই)

## Shakespeare এর ঐতিহাসিক নাটক:


- ✓ তিনি তিনজন রাজাকে নিয়ে **১০ টি** historical play লিখেছেন।
  - **(i) King Henry**
  - **(ii) King John**
  - **(iii) King Richard**
- ✓ "Uneasy lies the head that wears a crown." (মুকুট পরিহিত ব্যক্তি স্বস্তিতে ঘুমাতে পারে না)- উক্তিটি **Henry (iv)** এ আছে।
- ✓ "Men of few words are the best men." – Henry (v)
(উৎকৃষ্ট মানুষ তারাই যারা কম কথা বলে)

# দ্য মার্চেন্ট অব ভেনিস

## প্রধান চরিত্রসমূহ

| নাম | পরিচয় |
|---|---|
| আন্টোনিও | ভেনিসের এক বণিক |
| বাসানিও | আন্টোনিও এর বন্ধু, পোর্শিয়ার প্রেমিক এবং পরবর্তীকালে স্বামী |
| গ্রাশিয়ায়ানো | আন্টোনিও ও বাসানিওর বন্ধু এবং নেরিসার স্বামী |
| লরেনজো | আন্টোনিও ও বাসানিওর বন্ধু এবং জেসিকার স্বামী |
| পর্শিয়া | বাসানিওর প্রেমিকা এবং পরবর্তীকালে স্ত্রী |
| শাইলক- লোভী ইহুদি, | সুদী মহাজন এবং জেসিকার পিতা |
| তুবাল | ইহুদি ও শাইলকের বন্ধু |
| জেসিকা | শাইলকের কন্যা |

## কাহিনী সংক্ষেপ


The most excellent
Historie of the Merchant
of Venice.
VVith the extreame crueltie of Shylocke the Iewe
towards the sayd Merchant, in cutting a just pound
of his flesh: and the obtayning of Portia
by the choyse of three
chests.
As it hath beene divers times acted by the Lord
Chamberlaine his Servants.
Written by William Shakespeare.
AT LONDON,
Printed by I. R. for Thomas Heyes,
and are to be sold in Paules Church-yard, at the
signe of the Greene Dragon.
1600.

ইতালির ভেনিস শহরের সওদাগর অ্যান্টনিও। সকলের কাছে সে প্রশংসিত। আর এক ব্যবসায়ী শাইলক-নীতিহীন, সুদখোর, কুটবুদ্ধিসম্পন্ন। কেউ তাকে পছন্দ করেনা। সে অ্যান্টিনিওকে হিংসা করত। সংগত কারণেই অ্যান্টনিও তাকে দেখতে পারত না। অ্যান্টানিওর ঘনিষ্ট বন্ধু বাসানিও টাকার পোর্শিয়াকে বিয়ের প্রস্তাব দিতে পারছে না। অবশেষে অ্যান্টনিও বন্ধুর মনোবাসনা পূরণ করতে শাইলকের কাছে টাকা ধার করে। তবে শর্ত থাকে যদি অ্যান্টিনিও সময়মতো টাকা পরিশোধ করতে না পারে তবে তার এক পাউন্ড মাংস কেটে দিতে হবে। টাকা পাওয়ার পর একটি বিচিত্র পরীক্ষায় সফল হয়ে বাসানিও পোর্শিয়াকে বিয়ে করে। টাকা প্রদানের সময়সীমা পার হওয়ায় শাইলক অ্যান্টিনিওর শরীর থেকে এক পাউন্ড মাংস দাবী করে। বিচারক অনুরোধ করলেও শাইলক অনমনীয়তা বজায় রাখে। খবরটা পোর্শিয়াকে বিচলিত করে এবং যখন অ্যান্টিনিওর বিচারকার্য চলছে, তখন এক তরুন উকিলের ছদ্মবেশে পোর্শিয়া বিচারকের সামনে দাঁড়ায়। তরুণ উকিল শাইলককে অ্যান্টিনিওর শরীর থেকে রক্তপাতহীন এক পাউন্ড মাংস কেটে নিতে বলে কারণ রক্তের কথা দলিলে উল্লেখ ছিলনা। রক্তপাতহীন মাংস কাঁটা অসম্ভব। ধূর্ত শাইলক বিপদে পড়ে যায় এবং অবশেষে বিচারে সে হেরে যায়।

## প্রধান চরিত্রসমূহ

- ফ্রান্সের রাজা
- ফ্লোরেন্সের ডিউক
- বারট্র্যাম, রুসিলনের কাউন্ট
- রুসিলনের কাউন্টেস, বারট্রামের মা
- লাভাচ, তার গৃহস্থলীর এক বিদূষক
- হেলেনা, জনৈকা ভদ্রমহিলা, কাউন্টেসের আশ্রিতা
- লাফাউ, বৃদ্ধ লর্ড
- প্যারোলেস, বারট্র্যামের অনুগামী
- ফ্লোরেন্সের এক বিধবা বুড়ি যাঁর পদবি ক্যাপিলেট
- ডায়ানা, বিধবার মেয়ে
- রুসিলনের কাউন্টেসের স্টিউয়ার্ড
- ভায়োলেন্টা ও মারিয়ানা, বিধবার প্রতিবেশিনী ও বন্ধু
- জনৈক পেজ
- সৈনিকগণ, দাসদাসীগণ, ভদ্রলোকগণ ও সভাসদগণ

# অল,স ওয়েল দ্যাট এন্ডস ওয়েল

## কাহিনী সংক্ষেপ

রুসিলনের কাউন্টেসের পুত্র কাউন্ট বারট্র্যাম গিয়েছিলেন ফ্রান্সের রাজসভায়। তাকে মনে মনে ভালবাসত হেলেনা নামে একটি অনাথ মেয়ে। হেলেনার বাবা ছিলেন বিখ্যাত চিকিৎসক। তার মৃত্যুর পর কাউন্টেস স্বয়ং হেলেনাকে আশ্রয় দিয়েছিলেন নিজের কাছে। রূপে-গুণে হেলেনা আদর্শ নারী হলেও কাউন্ট কিন্তু হেলেনার প্রতি আকর্ষণ বোধ করতেন না। কারণ তিনি ছিলেন সম্ভ্রান্ত পুরুষ, আর হেলেনা ছিলেন সাধারণ ঘরের মেয়ে। এদিকে খবর এল, ফ্রান্সের রাজা খুবই অসুস্থ। এই খবর পেয়ে হেলেনা নিজে গেলেন প্যারিসে। বাবার কাছে শেখা বিদ্যার সাহায্যে সারিয়ে তুললেন রাজাকে। কৃতজ্ঞতাস্বরূপ রাজা বললেন, হেলেনা নিজের ইচ্ছামতো তার রাজ্যের যে কোনো পুরুষকে পতি হিসেবে গ্রহণ করতে পারবে। হেলেনা বেছে নিলেন বারট্র্যামকে। বারট্রাম এতে খুবই অসন্তুষ্ট হলেন। বিয়ের কিছুদিন পরেই প্যারোলেস নামে একটি বদমাশের সঙ্গে ফ্লোরেন্সে চলে গেলেন সেখানকার ডিউকের হয়ে যুদ্ধ করার জন্য।

হেলেনা কাউন্টসের কাছে ফিরে এল। কাউন্টেসকে চিঠি লিখে বারট্র্যাম জানিয়ে দিলে যে, যতদিন না হেলেনা তার আঙুল থেকে তাদের পারিবারিক আংটিটি খুলে নিতে পারবে এবং তার সন্তানকে গর্ভে ধারণ করতে পারবে, ততদিন তিনি হেলেনাকে তার সত্যিকারের স্ত্রী বলে মেনে নেবেন না। সেই সঙ্গে বারট্রাম এও জানিয়ে দিলেন যে, এই দুইয়ের কোনোটাই কোনোদিন ঘটবে না। কাউন্টেস হেলেনাকে ভালবাসতেন। বারট্র্যামের সঙ্গে হেলেনার বিয়ে হওয়ায় তিনি খুবই খুশি হয়েছিলেন। তিনি হেলেনাকে সান্ত্বনা দেওয়ার চেষ্টা করলেন। কিন্তু দুঃখিনী হেলেনা স্থির করলেন যে, তিনি তীর্থে চলে যাবেন।

ইতোমধ্যে ফ্লোরেন্সে ডিউকের বাহিনীতে সেনাপতির দায়িত্ব পেলেন বারট্র্যাম। ফ্লোরেন্সে এসে হেলেনা দেখলেন যে, তার স্বামী এক দয়ালু বিধবার কুমারী মেয়ের সতীত্ব নাশ করার চেষ্টা করছেন। মেয়েটির নাম ছিল ডায়ানা। হেলেনা এই ডায়ানার সাহায্য নিয়ে বারট্রামকে বোকা বানানোর ছক কষলেন। বারট্রাম ডায়ানাকে প্রণয়ের চিহ্নস্বরূপ তার আংটিটি দিয়েছিলেন। রাতে ডায়ানার ঘরে লুকিয়ে রইলেন হেলেনা। নিজের অজ্ঞাতসারেই ডায়ানা মনে করে হেলেনার সঙ্গে সহবাস করলেন বারট্রাম। এই সময় সেনাবাহিনীর দুই লর্ড বারট্র্যামকে জানালেন যে, প্যারোলেস একটি কাপুরুষ ও খল। বারট্র্যাম প্যারোলেসের সঙ্গ ত্যাগ

করলেন। এমন সময় ক্যাম্পে ভুয়ো এল যে, হেলেনা মারা গিয়েছেন। যেহেতু যুদ্ধও শেষ হয়ে এসেছিল, তাই বারট্র্যাম এই খবর পেয়ে ফ্রান্সে ফেরার কথা ভাবলেন। তার অজ্ঞাতে হেলেনাও ডায়ানা ও তার মাকে নিয়ে যাত্রা করলেন ফ্রান্সের উদ্দেশ্যে।

রুসিলনে হেলেনার মৃত্যুসংবাদ পেয়ে সকলেই শোকপালন করছিলেন। রাজা রুসিলনে এলেন। লাফাউ নামে এক বৃদ্ধ অণুগত লর্ডের কন্যার সঙ্গে বারট্র্যামের বিবাহের সম্মতি দিলেন। এমন সময়, বারট্র্যামের আঙুলে একটি আংটি রাজার দৃষ্টি আকর্ষণ করল। আংটিটি ছিল হেলেনার। রাজা তার জীবনরক্ষার উপহারস্বরূপ সেটি হেলেনাকে দিয়েছিলেন। (ফ্লোরেন্সে হেলেনা আংটিটি দেন ডায়ানাকে, যাতে ডায়ানা তার প্রেমিকের আঙুলে আংটিটি পরিয়ে দিতে পারে।) বারট্র্যাম কিছুতেই বুঝতে পারলেন না যে, আংটিটি তার হাতে কী করে এল। এমন সময় ডায়ানাকে নিয়ে তার মা উপস্থিত হয়ে সব কিছু ব্যাখ্যা করলেন। তাদের পিছনে পিছনে এলেন হেলেনাও। হেলেনা বললেন, তার স্বামীর দেওয়া দুই শর্তই তিনি পূর্ণ করেছেন। বারট্র্যামের উপযুক্ত শিক্ষা হল। তিনি হেলেনাকে প্রতিশ্রুতি দিলেন যে, এবার থেকে ভালভাবে স্বামীর দায়িত্ব পালন করবেন তিনি। তা দেখে সকলেই আনন্দ করতে লাগলেন।

## Shakespeare এর বিখ্যাত Tragedies:

**a. Hamlet:** (1600-1601 সালে রচিত)


✓ Hamlet শব্দের আভিধানিক অর্থ –

"A small village that doesn't have its own church"

**কাহিনী সংক্ষেপ:** শেক্সপিয়রের প্রতিভার পূর্ণ বিকাশ ঘটেছে তার হ্যামলেট নাটকে। **ডেনমার্ক সাম্রাজ্যের পটভূমিতে রচিত এটি শেক্সপিয়রের সর্ববৃহৎ ট্রাজেডি। ডেনমার্কে রাজহত্যা এবং পুত্রের প্রলম্বিত প্রতিশোধ- এ নাটকের মূল উপজীব্য বিষয়।** ডেনমার্কের যুবরাজ হ্যামলেট। সবেমাত্র পিতার মৃত্যু হয়েছে। মা তারই কাকাকে বিবাহ করেছে। পিতার মৃত্যুতে শোকাহত হ্যামলেট একদিন রাতে তার কয়েকজন অনুচরসহ পাহারা দিতে দিতে দেখতে পায় হ্যামলেটের পিতার প্রেতমূর্তি। হ্যামলেট পিতার সেই প্রেতমূর্তির সাথে সাক্ষাৎ করতে আসে। সেই প্রেতমূর্তি তাকে বলে তার বাগানে ঘুমানোর সময় তারই ভাই (হ্যামলেটের কাকা) কানের মধ্যে বিষ ঢেলে দেয় আর তাতেই তার মৃত্যু হয়। হ্যামলেট যেন এই মৃত্যুর প্রতিশোধ নেয়। হ্যামলেট বুঝতে পারে তার পিতাকে হত্যা করা হয়েছে। সে উন্মাদের মতো হয়ে ওঠে। তার প্রিয়তমা ওফেলিয়ার সাথে পর্যন্ত এমন আচরণ করে, যা তার স্বভাববিরুদ্ধ। নিজের অজান্তে ওফেলিয়ার পিতা পলোনিয়াসকে হত্যা করে। মানসিক আঘাতে বিপর্যস্ত ওফেলিয়া আত্মহত্যা করে। আর হ্যামলেট আত্মদ্বন্দ্বে ক্ষতবিক্ষত হতে থাকে। সে শুধু তার পিতার হত্যাকারীকেই হত্যা করতে চায় না, সে চায় রাজপ্রাসাদের সব পাপ কলুষতা দূর করতে। ষড়যন্ত্রের জাল চারদিকে ছড়িয়ে পড়ে। হ্যামলেটের কাকা তাকে বিষ প্রয়োগ করে হত্যা করতে চায় কিন্তু সেই বিষ পান করে মারা যান হ্যামলেটের মা। ক্রুদ্ধ হ্যামলেট তরবারির আঘাতে হত্যা করে কাকাকে। কিন্তু নিজেও বিষাক্ত ছুরির ক্ষতে নিহত হয়। হ্যামলেটের এই মৃত্যু এক বেদনাময় গভীর অনুভূতির স্তরে নিয়ে যায়। হ্যামলেট **নাটকে ৭ টি Soliloquy রয়েছে।** Hamlet শব্দের আভিধানিক অর্থ–

"A small village that doesn't have its own church."

### Hamlet নাটকের বিখ্যাত কিছু চরিত্র:




(i) King Hamlet (ডেনমার্কের রাজা)

(ii) Prince Hamlet
(পুত্র+protagonist/central character, জার্মানির Wittenberg বিশ্ববিদ্যালয়ে পড়াশুনা করতেন)

(iii) Gurtrude (মা) - বিষপানে মারা যায়।

(iv) Horatio (হোরাশিও; হেমলেটের বন্ধু)

(v) Claudius (চাচা)- Hamlet এর ছুরিকাঘাতে মারা যায়।

(vi) Ophelia (heroine; ওফেলিয়া) – আত্মহত্যা করে।

(vii) Laertes (লেয়ার্তেস; Polonius' son and Ophelia's brother)

### Hamlet নাটকের কিছু বিখ্যাত উক্তি:

➢ **To be or not to be that is the question.** (a soliloquy of Hamlet) –এটি দ্বারা indecisiveness of human mind / মানব মনের সিদ্ধান্তহীনতাকে বুঝানো হয়েছে। এ কারণে বলা হয়ে থাকে Every modern man is a Hamlet.

- **Frailty, thy name is woman.** (নারীর অপর নাম অবলা বা দুর্বলতা)
- The play is a thing, where I will catch the conscience of the king.
- "**What a piece of work is a man**, how noble in reason, how infinite in faculties, in form and moving how express and admirable, in action how like an angel, in apprehension how like a god!"
- **Brevity is the soul of wit.** (সংক্ষিপ্ত কথাই রসিকতার প্রাণ)
- There is nothing either good or bad but thinking makes it so. (পৃথিবীতে ভালো-মন্দ বলতে কিছু নাই, চিন্তাই ভাল-মন্দ তৈরি করে)
- There are more things in heaven and earth, **Horatio**, than are dreamt of in our philosophy. (হোরাশিও, স্বর্গ ও পৃথিবীতে এমন অনেক বিষয় রয়েছে যা আমরা স্বপ্নেও কল্পনা করতে পারিনা)
- **Neither a borrower nor a lender be**;
  For loan oft loses both itself and friend
  (ধারদাতা ও ধারগ্রহীতা কোনটাই হয়ো না, কারণ ধার বন্ধু এবং অর্থ উভয়ই নষ্ট করে)
- There is divinity that shapes our end. (ভাগ্যই চূড়ান্ত পরিণতির দিকে নিয়ে যায়)
- When sorrows come, they come not single spies but in battalions. (Claudius একথাটি Gurtrude কে বলেছিলেন। বিপদ একাকি আসে না; সদলবলে আসে)

## b. Macbeth: (1605-1606)

**কাহিনী সংক্ষেপ:** ম্যাকবেথ শেক্সপিয়রের সর্বাপেক্ষা ক্ষুদ্রাকার ট্রাজেডি। স্কটল্যান্ডের রাজা ডানকানকে হত্যার পূর্ব এবং পরবর্তী ঘটনাপঞ্জী এ নাটকের মূল উপজীব্য বিষয়। নাটকের শুরুতে স্কটল্যান্ডকে নরওয়ের সাথে যুদ্ধরত দেখা যায়। শেক্সপিয়রের ট্র্যাজেডির সব নায়িকার মধ্যেই যে মহীয়সী রূপের প্রকাশ দেখতে পাই, লেডি ম্যাকবেথের মধ্যে তা পাই না। ম্যাকবেথ সাহসী বীর কিন্তু মানসিক দিক থেকে কিছুটা দুর্বল, তাই স্ত্রীর কথায় সে চালিত হয়। লেডি ম্যাকবেথের প্ররোচনায় সে খুন করে তার রাজাকে। তারপর সিংহাসন অধিকার করে। কিন্তু শেষ পর্যন্ত তাদের মৃত্যুবরণ করতে হয়। লেডি ম্যাকবেথের চরিত্রের মধ্যে পাপের পূর্ণ প্রকাশ ঘটলেও তার চরিত্রে অসাধারণ দৃঢ়তা, অদম্য তেজ, দৃপ্ত ভঙ্গি, মনোবল আমাদের মুগ্ধ করে। তার প্রতিটি কাজের পেছনে ছিল এক উচ্চাশা। কোনো নীচুতার স্পর্শ নেই সেখানে।


Macbeth নাটকের বিখ্যাত কিছু চরিত্র:

(i) King Duncan (Scotland এর রাজা; তার পুত্রের নাম Malcolm।)
(ii) Three Witches (৩ ডাইনি; ম্যাকবেথকে তারা তিনটি ভবিষ্যদ্বাণী করে)
(iii) Macbeth ( A brave general + protagonist of the play)
(iv) Lady Macbeth (wife of Macbeth, তাকে Super-witchও বলা হয়)
(v) Banquo (Macbeth এর সহযোদ্ধা) (vi) Macduff (a nobleman)


Atlantic
Ocean
Norway
Scotland
Sweden
North
Sea
Ireland
Denmark
England
The
Netherlands
Germany
Belgium
Czech Rep.
France
Bay
of
Biscay
Austria
Switzerland
Hungary
Russia
Latvia
Byelarus
Poland
Ukraine
Slovakia
Romania
Croatia
Black



<u>Macbeth নাটকের কিছু বিখ্যাত উক্তি:</u>




- **Fair is foul, foul is fair,**
  Hover through the fog and filthy air.
  (অর্থাৎ 'ভালো মোদের মন্দ, মন্দ মোদের ভালো'
  - নাটকের শুরুতে তিন ডাইনি এই গানটি গেয়েছিল)
- Your face is a book,
  Where man may read strange matters.
  (তোমার চেহারা একটা বইয়ের মতো হয়ে গেছে, যেখানে মানুষ সন্দেহজনক কিছু খুঁজে পাবে)
- Look like an innocent flower
  But be the serpent under it. (সর্প হয়ে দংশন কর, ওঝা হয়ে ঝাড়ো)
  *(Macbeth কে Lady Macbeth এর পরামর্শ)*
- **Here is still the smell of blood.**
  **All the perfumes of Arabia will not sweeten this little hand.**
  (এখনো আমার হাতে রক্তের ঘ্রাণ রয়ে গেছে। সমগ্র আরব জাহানের সুবাস আমার এই ছোট হাতকে সুবাসিত করতে পারবে না) *-Lamentation of Lady Macbeth*
- **Life is but** a walking shadow. (এটি ***Metaphor*** এর উদাহরণ) **See at page 226*
  –জীবন একটা চলমান ছায়া- *(Macbeth)*
- **Life is a tale,** told by an idiot, (এটিও ***Metaphor*** এর উদাহরণ)
  Full of sound and fury – (এটি famous soliloquy of Macbeth)
  Signifying nothing. (জীবন একটা নির্বোধের বলা গল্প, অন্তসারশূন্য)

## c. Othello (The Moor): (1604-1605)

**কাহিনী সংক্ষেপ:** মানুষের মানসিক দুর্বলতা থেকে কীভাবে ট্র্যাজেডি রচিত হয় তারই প্রকাশ ঘটেছে শেক্সপিয়রের বিখ্যাত ট্র্যাজেডি ওথেলোতে। ওথেলো নাটকের কেন্দ্রীয় চরিত্র ওথেলো- যিনি ইতালির ভেনিসিয়ান সেনাবাহিনীর একজন কৃষ্ণকায় মুরিশ জেনারেল (মুর- মধ্যযুগে মরক্কোর মুসলিম অধিবাসী)। বর্ণবাদ, ঈর্ষা ও ভালোবাসার অভিনব সংমিশ্রণ এই নাটকের মূল উপজীব্য। ওথেলোর ভুল সন্দেহের নির্মম বলি হতে হয়েছে তার স্ত্রী ডেসডিমনাকে। ওথেলো দেশের অন্যতম শ্রেষ্ঠ যোদ্ধা। তার বীরত্বের কাহিনী শুনতে শুনতে তাকে ভালোবেসে ফেলেছিল সিনেটার ব্রাবানশিওর সুন্দরী কন্যা ডেসডিমোনা। ওথেলোর সঙ্গে ঘর ছেড়ে পালিয়ে গিয়েছিল। ব্রাবানশিও অভিযোগ জানাল ডিউকের কাছে। ডিউকের আদেশে সকলের সামনে এসে ডেসডিমোনা জানাল সে ওথেলোকে ভালোবেসে স্বেচ্ছায় ঘর ছেড়ে বের হয়েছে। অন্যদিকে ব্রাবানশিওর এক আত্মীয় রোডারিগো চেয়েছিল ডেসডিমোনাকে বিয়ে করতে। তার এই ইচ্ছার কথা জানত ওথেলোর এক কর্মচারী ইয়াগো। তার ইচ্ছা ছিল সেনাপতি ওথেলোর সহকারী হওয়ার। কিন্তু ওথেলো সহকারী হিসেবে নির্বাচিত করেছিল ক্যাসিওকে। ক্যাসিওকে তাড়িয়ে দিয়ে সে হবে ওথেলোর সহকারী। এমন সময় তুর্কিদের বিরুদ্ধে যুদ্ধের জন্য ওথেলোকে পাঠানো হলো সাইপ্রাসে। তার অনুগামী হলো ডেসডিমোনা, বেসিও, ইয়াগো ও তার বউ এমিলিয়া। যুদ্ধে জয়ী হয় ওথেলো। তার সম্মানে আনন্দ উৎসব হয়। রাত গভীর হতেই নগর রক্ষার ভার ক্যাসিওর ওপর দিয়ে ডেসডিমোনার শয়নকক্ষে যায় ওথেলো। ইয়াগো এই সুযোগের অপেক্ষায় ছিল। ক্যাসিওকে মদ খাইয়ে মিথ্যা গন্ডগোল সৃষ্টি করে। তারই জন্য তাকে কর্মচ্যুত করে ওথেলো। দুঃখে অনুশোচনায় ভেঙে পড়ে ক্যাসিও । ইয়াগো তাকে বলে ডেসডিমোনার কাছে গিয়ে অনুরোধ করতে। স্ত্রীর কথা ওথেলো কখনোই ফেলতে পারবে না। ক্যাসিও যায় ডেসডিমোনার কাছে। গোপনে ওথেলো ইয়াগোকে ডেকে বলে দুজনের মধ্যে গোপন প্রণয় আছে। ওথেলোর মনের মধ্যে সন্দেহের বীজ জেগে ওঠে। ওথেলো

ডেসডিমোনাকে একটি মন্ত্রপূত রুমাল দিয়েছিল। ডেসডিমোনা কখনো সেই রুমালটি নিজের হাতছাড়া করত না। একদিন ডেসডিমোনার কাছ থেকে রুমালটি হারিয়ে গিয়েছিল। এমিলিয়া তা কুড়িয়ে নিয়ে ইয়াগোকে দিল। ইয়াগো দিল ক্যাসিওকে। ডেসডিমোনার কাছে রুমাল না দেখে ওথেলোর সন্দেহ আরও ঘনীভূত হয়। তারই সাথে ওথেলোর মনকে আরও বিষাক্ত করে তোলে ইয়াগো। ক্রোধে আত্মহারা হয়ে ওথেলো ঘুমন্ত ডেসডিমোনাকে গলা টিপে হত্যা করে। তারপরই আসল সত্য প্রকাশ পায়। ইয়াগোকে বন্দি করা হয় আর ওথেলো নিজের বুকে ছুরিবিদ্ধ করে আত্মহত্যা করে। বীর ওথেলোর এই মৃত্যু আমাদের সমস্ত অন্তরকে ব্যথিত করে তোলে।


- ✓ A Domestic Tragedy (যে নাটকে স্বামী স্ত্রী-কর্তৃক অথবা স্ত্রী স্বামী-কর্তৃক নিহত হয়)
- ✓ **Theme:** Fatal consequence of doubt (সন্দেহের মারাত্মক কুফল)
- ✓ Othello gave Desdemona a **handkerchief** as a token of love.
- ✓ মনোবিজ্ঞানে, ***ওথেলো সিনড্রম*** বলতে সন্দেহবাতিক বা মানসিক বিকারগ্রস্থ রোগীর অবস্থা বুঝায়।

**ওথেলো নাটকের বিখ্যাত কিছু চরিত্র:**




- ➢ Othello ( a brave Moorish solder)
- ➢ Desdemona (heroine, স্বামী ওথেলোর সন্দেহের বলি হন)
- ➢ Brabantio (Venetian Senator, father of Desdemona)
- ➢ Iago (ইয়েগু, ষড়যন্ত্রকারী/ ভিলেন; তাকে হত্যা করে ওথেলো নিজে আত্মহত্যা করেন)
- ➢ Cassio (assistant of Othello (তার সাথে ডেসডিমোনার পরকীয়া ছিলো বলে ওথেলো সন্দেহ করেছিল, যা পরে পুরোপুরিভাবে ভুল প্রমাণিত হয়েছিল)

## d. King Lear: (1605-1606)





- ✓ A tragedy of an arrogant king
- ✓ Father of three daughters
  - ➢ Goneril – (সুবিধাভোগী তবে বিশ্বাসঘাতক)
  - ➢ Regan – (সুবিধাভোগী তবে বিশ্বাসঘাতক)
  - ➢ Cordelia–(সুবিধা বঞ্চিত তবে loyal/বিশ্বস্ত)

**King Lear নাটকের কিছু বিখ্যাত উক্তি:**

- ➢ I am a man more sinned against than sinning (আমি যতটা না অন্যায় করেছি তার চেয়ে বেশি অন্যায় আমার সাথে করা হয়েছে)
- ➢ King Lear এর মতে, **How sharper than a serpent's tooth it is To have a thankless child.** (সন্তানের অকৃজ্ঞতা সাপের বিষ দাঁতের চেয়ে তীক্ষ্ণ)
- ➢ My love is richer than my tongue. (আমার ভালোবাসা মুখে বুঝানো সম্ভব নয়)
- ➢ Nothing will come of nothing. (কারণ ছাড়া কোনো কিছু সংঘটিত হয় না)

## e) Julius Caesar: (1599-1600)




- ✓ Was a ruler of Rome about 2000 years ago
- ✓ তিনি ৪৬ খ্রিষ্টপূর্বাব্দে রোমের সম্রাট হয়েছিলেন
- ✓ সিজারের বিশ্বাসঘাতক (betrayer) বন্ধু: **Brutus** (ব্রুটাস)

**কাহিনী সংক্ষেপঃ** জুলিয়াস সিজার নাটকের মুখ্য চরিত্র সিজার, ব্রুটাস এবং অ্যান্টোনি। রোমের নেতা জুলিয়াস সিজার যুদ্ধ জয় করে দেশে ফিরেছেন। চারদিকে উৎসব। সিজারও উৎসবে যোগ দিতে চলেছেন। সাথে বন্ধু অ্যান্টোনি। হঠাৎ পথের মাঝে এক দৈবজ্ঞ এগিয়ে এসে সিজারকে বলে আগামী ১৫ মার্চ আপনার সতর্ক থাকার দিন। সিজার দৈবজ্ঞের কথার গুরুত্ব দেন না। কিন্তু দেশের একদল অভিজাত মানুষ তার এই খ্যাতি ও গৌরবে ঈর্ষান্বিত হয়ে ওঠে। তারা সিজারের প্রিয় বন্ধু ব্রুটাসকে উত্তেজিত করতে থাকে। সিজারের এই অপ্রতিহত ক্ষমতা যেমন করেই হোক খর্ব করতেই হবে। না হলে একদিন সিজার সকলকে ক্রীতদাসে পরিণত করবে। কিন্তু ব্রুটাস কোনো ষড়যন্ত্রে যোগ দিতে চাইছিলেন না। কিন্তু ষড়যন্ত্রকারীর দল নানাভাবে ব্রুটাসকে প্ররোচিত করতে থাকে। মানসিক দিক থেকে দুর্বল ব্রুটাস শেষ পর্যন্ত অসহায়ের মতো ষড়যন্ত্রকারীদের ইচ্ছার কাছেই আত্মসমর্পণ করেন। ১৫ মার্চ সিনেটের অধিবেশনের দিন। সকল সদস্য সেই দিন সিনেটে উপস্থিত থাকবে। কিন্তু আগের রাতে বারবার দুঃস্বপ্ন দেখতে থাকেন সিজারের স্ত্রী ক্যালপুনিয়া। তার নিষেধ সত্ত্বেও বীর সিজার সিনেটে গেলে সুযোগ বুঝে বিদ্রোহীর দল একের পর এক ছোরা সিজারের দেহে বিদ্ধ করে। শেষ আঘাত করে ব্রুটাস। প্রিয়তম বন্ধুকে বিশ্বাসঘাতকতা করতে দেখে আর্তনাদ করে ওঠে সিজার, ব্রুটাস তুমিও! সিজারের মৃত্যুতে উল্লাসে ফেটে পড়ে ষড়যন্ত্রকারীর দল। শুধু একজন প্রতিহিংসার আগুনে জ্বলতে থাকে, সে অ্যান্টোনি। প্রকাশ্য রাজপথে দাঁড়িয়ে জনসাধারণের কাছে সিজারকে হত্যার কারণ বিশ্লেষণ করে ব্রুটাস। তার বক্তৃতায় মোহগ্রস্ত হয়ে পড়ে জনগণ। তারা ব্রুটাসের জয়ধ্বনি করে ভুলে যায় সিজারের কথা। ব্রুটাস চলে যেতেই বক্তৃতা শুরু করে অ্যান্টোনি। সে সুকৌশলে সিজারের প্রতি জনগণের ভালোবাসা জাগিয়ে তোলে। তাদের কাছে প্রমাণ করে সিজার একজন মহান মানুষ, তাকে অন্যায়ভাবে ব্রুটাস ও অন্যরা হত্যা করেছে। সমস্ত মানুষ ক্ষিপ্ত হয়ে ওঠে। ষড়যন্ত্রকারীর দল প্রাণভয়ে দেশত্যাগ করে। কিন্তু যুদ্ধে সকলে নিহত হয়। জুলিয়াস সিজার নাটকে ব্রুটাস হত্যাকারী বিশ্বাসঘাতক হলেও তার অন্তর্দ্বন্দ্ব, মানসিক দুর্বলতা, অন্তিম পরিণতি আমাদের মনকে বিষণ্ণ করে তোলে।


**সিজারের বিখ্যাত উক্তি:**

- **Veni, Vidi, Vici**
  (I came, I saw, I conquered)

এটি *'climax'* এর উদাহরণ। **ক্ল্যাইম্যাক্স** বলতে, একই ধরণের শব্দগুচ্ছ ব্যবহার করে একটি বিশেষ ভাবকে তুঙ্গে/ শীর্ষবিন্দুতে নিয়ে যাওয়া বোঝায়।

**ইংরেজি জুলাই** মাসের নামটি এসেছে **সম্রাট জুলিয়াস সিজারের** নাম থেকে। প্রাচীন রোমক ক্যালেন্ডার অনুসারে এটি ছিল বছরের পঞ্চম মাস, নাম ছিল Quintilis। কিন্তু নতুন ক্যালেন্ডারে এটিকে স্থাপন করা হল সপ্তম স্থানে। সেজন্য সিজার এর নাম পরিবর্তন করে নিজের নামানুসারে **July** রাখেন।

- **Cowards die many times before their death,**
  But the valiant never taste of death but once.
  (ভীরুরা মৃত্যুর পূর্বে বহুবার মরে; কিন্তু বীরেরা মৃত্যুকে বরণ করে একবার)
  - Brutus, you too! (ব্রুটাস, তুমিও!)




## f) Romeo and Juliet: (1594-95)

- ✓ **A tragedy of eternal love**
- ✓ Romeo and Juliet belong to two ever hostile families. **(রোমিও এবং জুলিয়েটের পরিবারের মধ্যে শত্রুতার সম্পর্ক ছিল। পরে তারা শত বাধা উপেক্ষা করে নানা নাটকীয়তার মাঝে বিয়ে করে। সবশেষে দুই পরিবারের শত্রুতার জেরে বিষপানে আত্মহত্যা করে এই প্রেমিক যুগল।)**


**Famous Quote:**

**What's** in a **name**? That which **we call** a **rose**,/ By **any other word** would **smell** as **sweet**.–*Romeo কে উদ্দেশ্য করে Juliet এ উক্তিটি করেছিলেন।*

**কাহিনী সংক্ষেপ:** মানব জীবনের কোনো দ্বন্দ্ব নেই, নেই পারিপার্শ্বিক পরিবেশের সঙ্গে সংগ্রামের ব্যর্থতার যন্ত্রণা। রোমিও জুলিয়েটের জীবনে যে করুণ পরিণতি ঘটেছে তার জন্যে তাদের পারিবারিক বিবাদই দায়ী। দুটি পরিবার মনটেগু ও ক্যাপিউলেট।প্রভাব প্রতিপত্তিতে কেউ কম যায় না। কিন্তু দুই পরিবারের মধ্যেই তীব্র বিবাদ। সারাটা বছরই ঝগড়া মারামারি লেগেই আছে। ক্যাপিউলেট পরিবারের কন্যা জুলিয়েট। রূপের কোনো তুলনা নেই। শান্ত স্বভাবের মেয়ে। অপরদিকে মন্টেগু পরিবারের সন্তান রোমিও পরিবারের সকলের চেয়ে আলাদা। একদিন দুজনের দেখা হয়। রূপে মুগ্ধ দুই তরুণ-তরুণী প্রেমের বাঁধনে বাঁধা পড়ে যায়। কিন্তু এই প্রেম তো দুই পরিবারের কেউ স্বীকার করবে না। তাই চলে গোপন অভিসার। কিন্তু মিলনের পথে বাধা এসে দাঁড়ায়। জুলিয়েটের বিবাহ স্থির হয় অন্য জায়গায়। অসহায় জুলিয়েট তার গুরু সন্ন্যাসী লরেন্সের কাছে সাহায্য চায় যেমন করেই হোক এই বিয়ে বন্ধ করতেই হবে। লরেন্স তাকে এক শিশি ওষুধ দেয়। সেই ওষুধের প্রভাবে গভীর ঘুমে আচ্ছন্ন হয়ে পড়বে জুলিয়েট। মনে হবে মারা গেছে। সেভাবে থাকবে বিয়াল্লিশ ঘণ্টা। তাকে সমাধি দেয়া হবে। এই ঘটনা জানবে শুধু রোমিও। যখন জুলিয়েটের ঘুম ভাঙবে দুজনে পালিয়ে যাবে মান্তুয়ায়। বিয়ের রাতেই জুলিয়েট সেই ওষুধ খায়, মৃত মনে করে সমস্ত প্রাসাদে কান্নার রোল ওঠে। বিয়ের সাজেই তাকে সমাধিস্থ করা হয়। দুর্ভাগ্যবশত লরেন্সের পাঠানো সংবাদ ঠিক সময়ে এসে পৌঁছায় না রোমিওর কাছে। জুলিয়েটের মৃত্যুসংবাদ শুনে শোকে দুঃখে সকলের অগোচরে সমাধিক্ষেত্রে গিয়ে তীব্র বিষ খেয়ে আত্মহত্যা করে। এদিকে জুলিয়েটের জ্ঞান ফিরে আসে। প্রিয়তমের মৃত্যু দৃশ্যে নিজেকে ঠিক রাখতে পারে না। রোমিওর ছোরা তুলে নিয়ে নিজের বুকে বিঁধিয়ে দেয়। তার মৃতদেহ লুটিয়ে পড়ে রোমিওর ওপর। দুই পরিবারের লোকজনই সবকিছু জানতে পেরে ছুটে আসে। দুটি তরুণ প্রাণের মৃত্যুর মধ্য দিয়ে শেষ হয় পারিবারিক বিবাদ। রোমিও জুলিয়েট নাটকে প্রেমের দৃশ্যগুলো শেক্সপিয়রের কবিত্বগুণে মনোহারি হয়ে উঠেছে। ভাষার লাবণ্য আর মাধুর্য নাটকীয়তার অসাধারণত্বের জন্য রোমিও জুলিয়েট যুগ যুগ ধরে মানুষের মন কেড়ে নিয়েছে।

## g) Antony and Cleopatra:

- ✓ Cleopatra was a queen of Egypt (মিশর).
- ✓ রানী ক্লিওপেট্রাকে **Serpent of the Nile** *(নীল নদের সর্প)* বলা হয়।




**কাহিনী সংক্ষেপ:** মিশরীয় রানী ক্লিওপেট্রা ও তার প্রধান সেনাপতি এন্টোনি প্রথম দর্শনেই পরস্পরের প্রেমে পড়ে যান এবং রাজকীয় ঘাত-প্রতিঘাত উপেক্ষা করে তারা বিয়ে করেন। ধারণা করা হয়, রোমানদের সাথে যুদ্ধরত অবস্থায় ক্লিওপেট্রা নিহত হবার মিথ্যা সংবাদ শুনে এন্টোনি আত্মহত্যা করেন। ক্লিওপেট্রা পরে এ খবর জানতে পেরে নিজের সাথে সবসময় রাখা বিষাক্ত সাপের কামড়ে আত্মহত্যা করেন।মূলত ক্লিওপেট্রা ছিলেন মহামতি আলেক্সান্ডারের সেনাপতি টলেমির বংশধর দ্বাদশ টলেমির কন্যা। ক্লিওপেট্রার জন্ম খ্রিষ্টপূর্ব ৬৯ সালে। খ্রিষ্টপূর্ব ৩২৩ সালে আলেক্সান্ডার মারা গেলে টলেমি মিসরে স্বাধীন রাজবংশ প্রতিষ্ঠা করেন। ক্লিওপেট্রার মৃত্যুর মাধ্যমে মিশরে প্রায় ৩০০ বছরের মেসিডোনিয়ান শাসনের অবসান ঘটে।

**মনে রাখুন:** খ্রিষ্টপূর্ব ৪৮ সালে রোমান সম্রাট জুলিয়াস সিজারের সাথে ক্লিওপেট্রার গভীর প্রেমের সম্পর্ক নিয়ে জর্জ বার্নাড শ' ***Caesar and Cleopatra*** নাটকটি লিখেন । সম্রাট সিজার আকস্মিকভাবে নিহত হলে ক্লিওপেট্রা পুনরায় সেনাপতি মার্ক এন্টোনির প্রেমে পড়েন এবং বিবাহ বন্ধনে আবদ্ধ হন। এ নিয়েই শেক্সপিয়র *এন্টোনি এন্ড ক্লিওপেট্রা* নাটকটি রচনা করেন।

## h) Titus Andronicus:


- ✓ এটি একটি Tragedy. Titus was a renowned Roman general.

## i) Timon of Athens:

- ✓ এটি Unfinished/ Incomplete play
- ✓ এটি Shakespeare এর 38তম Play; তিনি এটি শেষ করার সময় পাননি।
- ✓ <u>Famous quote:</u> Life is an uncertain voyage.

# Shakespeare এর বিখ্যাত Comedies:

## 1. As You Like It:




✓ Theme: Love at first sight

এই নাটকের বিখ্যাত কিছু চরিত্র:

- Orlando, Rosalind, Celia, Duke Senior

এই নাটকের কিছু বিখ্যাত উক্তি:

- **All the world's a stage** (এটিও ***Metaphor*** এর উদাহরণ) *See at page 226*
  And all the men and women are merely players.
  (সমগ্র পৃথিবীটাই একটা রঙ্গমঞ্চ এবং সব মানব-মানবী এই মঞ্চের কুশীলব)
- **Sweet are the uses of adversity**. (দু:খের প্রয়োজনীয়তাও মধুর)
- **Under the green wood tree**/ Who loves to lie with me, And turn his merry note/ Unto the sweet bird's throat,/ Come hither, come hither, come hither/ Here shall he see/ No enemy/ But winter and rough weather. (**সবুজ বনানীর নিচে-** এটি একটি Song; এতে winter দ্বারা **শত্রু** এবং Tree দ্বারা Forest বুঝানো হয়েছে। তবে এ নামে টমাস হার্ডির একটা উপন্যাস রয়েছে) *See at page no 121*
- **Blow, blow the winter wind** (বয়ে যাও শীতের বাতাস/
  Thou (you) are not so unkind তুমি অত নির্দয় নও/
  As man's ingratitude. মানুষের অকৃতজ্ঞতার মত)

## 2. Comedy of Errors: (1592-1593)

✓ এর বাংলা অনুবাদ করেছেন ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর ***ভ্রান্তিবিলাস*** নামে। নাটকে দেখা যায়, এক কাঠ ব্যবসায়ী তার কাজের লোককে সাথে নিয়ে নিজ শহর ছেড়ে অন্য একটি শহরে ব্যবসার কাজে আসে। কিন্তু এই শহরেই তার চেহারার হুবহু অন্য এক ভদ্রলোক আছেন; এমনকি দুজন চাকরেরও একই চেহারা। শুরু হয় ভ্রান্তি বিলাস। অবশেষে জানা যায়, এরা চারজন দুই জোড়া জমজ। ছোটবেলায় যারা এক দুর্ঘটনায় বিচ্ছিন্ন হয়েছিল।

## 3. Twelfth Night: (এ নাটকের সাব-টাইটেল: **Or, What You Will**)

✓ এই নাটকের কিছু বিখ্যাত উক্তি:

- **Be not afraid of greatness**. (মহৎ হওয়া নিয়ে শংকিত হয়ো না)
  **Some are born great, some achieve greatness and some have greatness thrust upon them.**
  (কেউ মহৎ হয়ে জন্মায়, কেউ মহত্ত্বতা অর্জন করে এবং কারো উপর মহত্ত্বতা চাপিয়ে দেয়া হয়)
- If music be the food of love, play on.
- Love sought is good but given unsought is better.

## 4. The Taming of the Shrew:




- এই নাটকের বিখ্যাত বাংলা অনুবাদ করেন মুনীর চৌধুরী- **মুখরা রমণী বশীকরণ** নামে।
- এই নাটকে Katherine নামক একটি নারী চরিত্রকে Shrew (কলহপ্রিয় রমণী) হিসেবে উপস্থাপন করা হয়েছে।

**দ্য টেইমিং অফ দ্য শ্রু** এর অধিকাংশ ঘটনা ঘটেছে ইতালির পাদোয়া শহরে। একটি হাস্যরসাত্মক নাটক। নাটকটির রচনাকাল ১৫৯০-৯২ খ্রিষ্টাব্দ বলে অনুমিত। এই নাটকের ওপর ভিত্তি করে বিশ্বব্যাপী ২৮টি চলচিত্র নির্মাণ করা হয়েছে। এটি ক্যাথেরিনা মিনোলা,র কাহিনী। এই মহিলার স্বভাব কর্কশ, ব্যবহার চণ্ডালী। একে বিয়ে করে পিত্রুশিও। কী করে ধীরে ধীরে সুকৌশলে পিত্রুশিও ঐ বদস্বভাবী, দুর্বিনীত স্ত্রীকে অনুগত, মিষ্টভাষিণী নারীতে রূপান্তর করতে সক্ষম হয় তাই নিয়ে এই মজার নাটক।

## 5. Mid Summer Night's Dream: (a romantic comedy)


এই নাটকের কিছু বিখ্যাত উক্তি:

- Love looks not with the eyes but with the mind.
  (ভালোবাসা চোখ থেকে নয়, মন থেকে আসে)
- The course of true love never did run smooth.
  (সত্যিকারের ভালোবাসার পথ কখনো মসৃণ হয় না)

## 6. The Tempest :

- অর্থ: দূরন্ত ঝড়/ violent storm
- Calliban, Ariel, Prospereo, Miranda -এ নাটকের বিখ্যাত চরিত্র
- এটিকে Shakespeare এর Swan song (**last work**) বলা হয়।
- মনে রাখুন: লন্ডনের **White Hall** প্রাসাদটি ১৫৩০ থেকে ১৬৯৮ খ্রিষ্টাব্দ পর্যন্ত ব্রিটিশ রাজ পরিবারের বাসভবন ছিল। ১৬১১ সালের ১ নভেম্বর রাজা প্রথম জেমসের সামনে এ হোয়াইট হলেই The Tempest নাটকটি প্রথম মঞ্চস্থ হয়।

## Other Comedies of Shakespeare:




1 The Two Gentleman of Verona
2 The Merry Wives of Windsor
৩ The Winter's Tale (a romance comedy, অনেকে এটিকে Tragi-comedy মনে করেন)
4 Cymbeline (a romance)
5 Pericles, Prince of Tyre
6 The Two Nobel Kinsman
7 **Much Ado About Nothing** (অকারণে হৈচৈ)
8 Love's Labours Lost (প্রেমের ফল বৃথা গেল)

*** তবে **Love's Labours Won** এবং **The History of Cardenio** নামের দুটি নাটক লেখার পর Shakespeare হারিয়ে ফেলেছেন।

**N.B: Troilus and Cressida** is a tragedy of Shakespeare.

উক্তি: The common curse of mankind folly and ignorance.
(অজ্ঞতা এবং বোকামি মানব জাতির নিত্য অভিশাপ)

# University Wits কী/ কারা?

- ✓ **Elizabethan Period** এর একদল Young dramatist and pamphleteers (ক্ষুদ্র পুস্তিকা রচয়িতা)।
- ✓ তারা Oxford এবং Cambridge University এর scholar/witty students ছিলেন।
- ✓ তারা অনেক বিখ্যাত নাটক রচনা ও মঞ্চস্থ করার মাধ্যমে খ্যাতি অর্জন করেছিলেন।

## বিখ্যাত University Wits হলেন (প্রায় ৭ জন):

**Christopher Marlowe:** (1564-1593)

➤ তিনি শেক্সপিয়র পূর্ববর্তী শ্রেষ্ঠ নাট্যকার ছিলেন। তাকে নিয়ে এ যুগের শুরুতেই আমরা বিস্তারিত আলোচনা করেছি।

**Thomas Kyd:**

➤ তিনি এ দুটি University এর ছাত্র না হয়েও University Wits এর অন্তর্ভুক্ত ছিলেন।

**Robert Greene:** (1558-1592)

➤ Friar Bacon তার বিখ্যাত Comedy।

**George Peele (পীল):** (1556-1596)

➢ The Old Wife's Tale
➢ Famous Chronicle of King Edward (I)



***The house, believed to be Shakespeare's birthplace, in Stratford-upon-Avon***

**Thomas Nashe:** (1567-1601)

➢ Summer's Last Will and Testament তার বিখ্যাত নাটক।
➢ তাকে The greatest of English Elizabethan pamphleteers বলা হয়।

**John Lyly:** (1553-1606)

➢ King Midas এবং The Woman in the Moon তার বিখ্যাত নাটক;
➢ *The Anatomy of Wit* তার শ্রেষ্ঠ গ্রন্থ।

**Thomas Lodge:** (1553-1606)

➢ তিনি একজন Physician ছিলেন
➢ তিনি এলিজাবেথান ও জেকোবিয়ান যুগে লেখালেখি করেন।

**Drama & Play এর মধ্যে পার্থক্য:**

➢ **Drama**: before staged (মঞ্চস্থের আগে)
➢ **Play**: after staged (মঞ্চস্থের পরে)
➢ **Playwright means: dramatist**